গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১১৫.১৮-৬২৫ তারিখঃ ৩০/০৮/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ **২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায় নন-সোলার প্রকল্পের বিপরীতে সংরক্ষিত মহিলা আসনে মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে বরাদ্দ প্রসংগে।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮ (অংশ-১)-২৭, তারিখঃ ২৭/০৮/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় **নন-সোলার** প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ৫১.০০০ মেঃটন খাদ্যশস্য (চাল) হিসেবে মোট (৫০× ৫১.০০০)= ২,৫৫০ (দুই হাজার পাঁচশত পঞ্চাশ) মেঃটন খাদ্যশস্য (চাল) প্রকল্পের বিপরীতে নিম্নবর্ণিত শর্তানুসারে বরাদ্দ প্রদান করা হলো।

২। আপনার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ **আপনার সংসদীয় এলাকার** জেলা/উপজেলায় বিভাজনপূর্বক বরাদ্দের পরিমাণসহ আপনার অভিপ্রায় আগামী ১৫/০৯/২০১৮ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। কাবিখা সর্বশেষ নির্দেশিকা অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পের তালিকা প্রস্তুত করতঃ জরুরী ভিত্তিতে জেলা কর্ণধার কমিটি কর্তৃক অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(১) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিখা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
(২) এ মন্ত্রণালয়ের ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(৩) এ কর্মসূচির খাদ্যশস্য (চাল) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিখা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসন' যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(৪) এ কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণ /বাছাই কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করে প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
(৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
(৭) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
(৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
(৯) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের সাথে পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।
(১০) কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনয়ন করতে হবে;
(১১) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলো সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
(১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;

৩০.৮.১৮

(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৯৮৪১৫৮১
dg@ddm.gov.bd

মাননীয় সংসদ সদস্য
সংরক্ষিত আসন-

D:\FFW 2018-2019\অভিপ্রায়.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২

www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.১১৯.১৮-৬২৬ তারিখঃ ৩০/০৮/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় **সোলার সিস্টেম** খাতে প্রকল্প বাস্তবায়নে ১ম পর্যায়ে নির্বাচনী এলাকাভিত্তিক সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৮(অংশ-১)-২৯, তারিখঃ ২৭/০৮/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় **সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা** প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১৭,৯৯,২৮০/-(সতের লক্ষ নিরানব্বই হাজার দুইশত আশি) টাকা হারে মোট (৫০ × ১৭,৯৯,২৮০/-) = ৮,৯৯,৬৪,০০০/- (আট কোটি নিরানব্বই লক্ষ চৌষট্টি হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তানুসারে বরাদ্দ প্রদান করা হলো।

২। আপনার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ **আপনার সংসদীয় এলাকার** জেলা/উপজেলায় বিভাজনপূর্বক বরাদ্দের পরিমাণসহ আপনার অভিপ্রায় আগামী ১৫/০৯/২০১৮ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। কাবিটা সর্বশেষ নির্দেশিকা অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পের তালিকা প্রস্তুত করতঃ জরুরী ভিত্তিতে জেলা কর্ণধার কমিটি কর্তৃক অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ-

(১) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিটা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্ত্বর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) এ মন্ত্রণালয়ের ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প কাজ আগামী ৩১/১২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিটা নির্দেশিকা-২০১৪ এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিটা কর্মসূচির নির্দেশিকা- ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

(৬) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।

(৭) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

(৮) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(৯) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগরে পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

(১০) কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।

(১১) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;

(১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;

(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৯৮৪১৫৮১
dg@ddm.gov.bd

মাননীয় সংসদ সদস্য
সংরক্ষিত আসন-

D:\FFW 2018-2019\অভিপ্রায়.docx